দৈনিক সংবাদ

২০/৮/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৬.....

# অগ্রসর বিক্রমপুরের উদ্যোগে কৃতী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ

গত ১৭ই আগস্ট সামাজিক-সাংস্কৃতিক সংগঠন অগ্রসর বিক্রমপুর লৌহজং কেন্দ্রের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদৎ বার্ষিকী এবং ২০০১ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়। অগ্রসর বিক্রমপুরের কনকসারস্থ কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সমাজসেবক মুক্তিযোদ্ধা আলহাজ গিয়াসউদ্দিন খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য নূহ-উল-আলম লেনিন। সংবর্ধনা সভায় সংবর্ধিত শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন লৌহজং থানার সর্বোচ্চ জিপিএ নম্বরের অধিকারী ছাত্রী রাজিয়া সুলতানা ও আবুল খায়ের। শিক্ষক-অভিভাবকদের মধ্যে বক্তব্য রাখেন সালমা পারভেজ, মুকুল চন্দ্র হাওলাদার, এ. কে.এম নূরুল হক এবং অধ্যাপক মো. শাহজাহান মিয়া। স্বাগত ভাষণ দেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব অধ্যাপক আলম শহীদ। সভা পরিচালনা করেন সংগঠনের অন্যতম নেতা আবুল কালাম আজাদ ও পলাশ কুমার দে।

আলোচনা সভায় প্রধান অতিথি আজকের শিক্ষার্থীদেরকে আগামী দিনের জগদীশ, অতীশ দীপঙ্কর, ব্রজেন দাস, শীল ভদ্র হিসেবে গড়ে ওঠার এবং এজন্য অগ্রসর বিক্রমপুর নিরন্তর নিরলস চেষ্টা চালিয়ে যাওয়া এবং সাফল্য অর্জন করে বিক্রমপুরের ঐতিহ্যকে আরো সমৃদ্ধ করার ব্যাপারে আহ্বান ও আশাবাদ ব্যক্ত করেন। সেই সাথে বিক্রমপুর তথা দেশপ্রেমে উজ্জীবিত হওয়ার জন্য আহ্বান জানান।